নং 17

<u>এক্সিকিউটিভ</u> <u>অর্ডার</u>

লিঙ্গভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের নীতিসমূহ অবলম্বন করা আবশ্যক করে

যেখানে, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা একটি গুরুতর জননীতি সংক্রান্ত উদ্বেগ নিউ ইয়র্ক স্টেটের জন্য, যে কারণে ক্ষতিগ্রস্তদের এবং ভুক্তভোগীদের সমর্থন করার জন্য এবং অপব্যবহারকারীদের দায়বদ্ধ করার জন্য সমন্বিত সম্প্রদায়ের প্রতিক্রিয়ায় রাজ্যের অংশগ্রহণ আবশ্যক;

যেখানে, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা জীবনে অনুপ্রবেশ করে এবং প্রতিদিন হাজার হাজার নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ব্যাহত করে, দুঃখজনক, ধ্বংসাত্মক এবং কখনও কখনও মারাত্মক ফলাফল সহ; এবং

যেখানে, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা একটি ব্যাপক সম্প্রদায়গত সমস্যা যা কর্মক্ষেত্র সহ হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করে;

যেখানে, নিউ ইয়র্ক রাজ্য, একজন নিয়োগকর্তা হিসাবে, অতিরিক্তভাবে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার দ্বারা প্রভাবিত হয়, যা শিকার এবং সহকর্মীদের, উভয়ের নিরাপত্তা ব্যাহত করে এবং ফলস্বরূপ উৎপাদনশীলতা হ্রাস পায়, স্বাস্থ্য পরিচর্যার খরচ বৃদ্ধি পায়, অনুপস্থিতি বৃদ্ধি পায় এবং কর্মচারীর টার্নওভার বৃদ্ধি পায়;

যেখানে, নিউ ইয়র্ক রাজ্যের লিঙ্গ-ভিত্তিক সহিংসতার একটি সক্রিয় প্রতিক্রিয়া রাজ্যের অন্যান্য নিয়োগকর্তাদের জন্য একটি মডেল হিসাবে কাজ করতে পারে;

যেখানে, 2008 সালে, অফিস ফর প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স (Office for the Prevention of Domestic Violence, OPDV) গার্হস্থ্য সহিংসতা মোকাবেলায় রাজ্যের সংস্থাগুলির জন্য একটি সংশোধিত মডেল কর্মক্ষেত্র নীতি প্রণয়ন করে; এবং

যেখানে নিউ ইয়র্ক এই মডেল নীতিকে শক্তিশালী করতে ও তার উপর ভিত্তি করে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ,

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ব বলে, এতদ্বারা নিম্নোক্ত আদেশ প্রদান করছি:

1. OPDV মডেল গার্হস্থ্য সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি পর্যালোচনা করবে এবং একটি মডেল লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি তৈরি করতে সেই নীতিতে উপযুক্ত সংশোধন প্রণয়ন করবে, যা গার্হস্থ্য সহিংসতা মোকাবেলা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের পদ্ধতিগুলিকে শক্তিশালী করবে এবং স্টকিং এবং যৌন আক্রমণ সহ অন্যান্য ধরনের লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এতে অন্তর্ভুক্ত থাকবে। সংশোধিত মডেল লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি বাস্তবায়নের জন্য OPDV-কে নমুনা লিখিত পদ্ধতি প্রণয়নও করতে হবে।

2. OPDV সংশোধিত মডেল লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি, নমুনা বাস্তবায়ন পদ্ধতি সহ, প্রতিটি রাজ্যের সংস্থাকে এই আদেশের কার্যকর তারিখ থেকে ছয় মাসের মধ্যে বিতরণ করবে। এই আদেশের উদ্দেশ্যে, "রাজ্যের সংস্থা" পরিভাষার অর্থ হবে: (1) কোন রাজ্যের সংস্থা, বিভাগ, অফিস, বোর্ড, কমিশন বা রাজ্যের অন্যান্য কর্ম সম্পাদনের সত্ত্বা; এবং (2) কোনো পাবলিক অথরিটি বা পাবলিক বেনিফিট কর্পোরেশন যা কোনো রাজ্যের আইন দ্বারা তৈরি বা তার অধীনে বিদ্যমান, যার সদস্যদের মধ্যে অন্তত একজনকে গভর্নর নিয়োগ করেছেন (সরকারী কর্তৃপক্ষ বা পাবলিক বেনিফিট কর্পোরেশনের কোনো সহায়ক সংস্থা সহ), একটি আন্তঃরাজ্য বা আন্তর্জাতিক কর্তৃপক্ষ বা পাবলিক বেনিফিট কর্পোরেশন ব্যতিরেকে।

3. প্রতিটি রাজ্যের সংস্থা, জানুয়ারী 1, 2023 এর পরে, সেই সংস্থার জন্য একটি লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি প্রণয়ন করবে এবং জারি করবে৷ এই জাতীয় নীতি প্রণয়নের ক্ষেত্রে, রাজ্যের সংস্থাটি (a) OPDV দ্বারা বিতরিত সংশোধিত মডেল লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের নীতি রেফার করবে এবং যেমন উপযুক্ত হবে এর বিধানগুলি অবলম্বন করবে; (b) সহায়তার জন্য OPDV-র সাথে যোগাযোগ করতে পারে; (c) অন্তত একজন গার্হস্থ্য সহিংসতা এজেন্সি লায়াজো (Domestic Violence Agency Liaison, DVAL) মনোনীত করবে যারা কর্মক্ষেত্রে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার গৃহীত সহিংসতার বিধানগুলির সাথে এজেন্সির অনুবর্তিতা নিশ্চিত করবে, ক্ষতিগ্রস্ত কর্মীদের সাহায্য করার জন্য প্রশিক্ষিত হবে, এবং OPDV-র জন্য প্রাথমিক যোগাযোগ হিসাবে কাজ করবে এবং (d) রাজ্যব্যাপী এবং স্থানীয় স্তরে ইউনিয়ন প্রতিনিধি সহ আগ্রহী দলগুলির সাথে যথাযথভাবে সহযোগিতা করবে।

4. প্রতিটি রাজ্যের সংস্থা, তার লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতি প্রণয়নের ক্ষেত্রে, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সহায়তার জন্য উপলব্ধ সংস্থানগুলির কর্মীদের অবহিত করার গুরুত্বকে যথাযথভাবে বিবেচনা করবে; DVAL এজেন্সির কাছে কিভাবে পৌঁছাবেন তা স্পষ্টভাবে উল্লেখ করবে; নিশ্চিত করবে যে কর্মীদের নীতি এবং পদ্ধতিগুলি গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার এবং ভুক্তভোগীদের জন্য ন্যায্য এবং তাদের প্রয়োজনের প্রতি প্রতিক্রিয়াশীল; কর্মক্ষেত্র নিরাপত্তার প্রতিক্রিয়ার পরিকল্পনা উন্নয়ন করবে; গার্হস্থ্য সহিংসতা সংক্রান্ত অপরাধে দোষী সাব্যস্ত হওয়া বা সুরক্ষার আদেশ সাপেক্ষে একজন ব্যক্তির আগ্নেয়াস্ত্র রাখার বিধিনিষেধ সংক্রান্ত রাজ্য এবং ফেডারেল আইন মেনে চলবে; কর্মীদের জন্য লিঙ্গ-ভিত্তিক সহিংসতা শিক্ষা এবং প্রশিক্ষণকে উৎসাহিত করবে এবং প্রচার করবে; এবং রাজ্যের সংস্থান বা কর্তৃত্বের অপব্যবহারকারী বা তাদের কাজের দায়িত্ব লঙ্ঘনকারী কর্মচারীদের লিঙ্গ-ভিত্তিক সহিংসতার একটি কাজের জন্য দায়বদ্ধ করবে।

5. প্রতিটি রাজ্যের সংস্থা, যখন তারা তাদের লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের নীতি জারি করে, তখন সেই নীতির একটি অনুলিপি এবং OPDV-এর সাথে তার মনোনীত ডোমেস্টিক ভায়োলেন্স এজেন্সি লায়াজোর জন্য তথ্য প্রদান করবে এবং নীতির পরবর্তী কোন পরিবর্তনগুলি সম্পর্কে এবং DVAL এর যোগাযোগের তথ্য OPDV-কে অবহিত করবে।

6. লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের প্রশিক্ষণ। প্রতিটি আওতাভুক্ত কর্মচারী লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের প্রশিক্ষণে অংশগ্রহণ করবে যা OPDV দ্বারা তৈরি করা হয়েছে এবং বার্ষিকভাবে রাজ্যব্যাপী শিক্ষা ব্যবস্থাপনা সিস্টেমে উপলব্ধ করা হবে। লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রে প্রশিক্ষণ প্রোগ্রাম প্রস্তুত করা হবে এবং 1 অক্টোবর, 2022 এর মধ্যে উপলব্ধ হবে। "কভার্ড এমপ্লয়ি" বলতে গভর্নরের অফিসের এক্সিকিউটিভ চেম্বারে কর্মরত সমস্ত অফিসার এবং কর্মচারী এবং নিউ ইয়র্ক স্টেট এজেন্সিদের, যারা অন্যান্য অফিসার এবং কর্মচারীদের তত্ত্বাবধান করেন, যারা DVAL হিসাবে কাজ করেন, বা যারা মানবসম্পদ পদে নিযুক্ত আছেন। "কর্মকর্তা ও কর্মচারী" বলতে সরকারি কর্মকর্তা আইনের (Public Officers Law) ধারা 73-তে "রাজ্যের কর্মকর্তা বা কর্মচারী" পরিভাষার যে অর্থ হয় সেই একই অর্থ বুঝাবে।

7. OPDV যা করবে:

   a. প্রতিটি রাজ্যের সংস্থাকে তার লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতির বিকাশ ও বাস্তবায়নে পরামর্শ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে, হয় সংস্থার অনুরোধে বা OPDV-এর উদ্যোগে;
   b. বিভিন্ন রাষ্ট্রীয় সংস্থার দ্বারা জারি করা এবং পরিবর্তিত লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্র নীতিগুলির অনুলিপি গ্রহণ করা এবং সেগুলি বজায় রাখা;
   c. তত্ত্বাবধায়ক কর্মী, কর্মচারী সহায়তা পেশাদার, মানব সম্পদ কর্মী, আইন প্রয়োগকারী সংস্থা, ইউনিয়ন এবং নিরাপত্তা কর্মীদের সাথে প্রশিক্ষণ এবং উপকরণের ডিজাইন এবং উন্নয়নে সহযোগিতা করা;
   d. 1 মে, 2023 এর মধ্যে এই আদেশের বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করা এবং গভর্নরের কাছে জমা দেওয়া; এবং
   e. এই নির্বাহী আদেশে বর্ণিত DVAL এর ভূমিকার আবশ্যকতাগুলি পর্যাপ্তভাবে পূরণ করতে কোন সংস্থার DVAL এর ব্যর্থতার বিষয়ে জানার পরে প্রতিটি রাজ্য সংস্থার নির্বাহী নেতৃত্বকে অবহিত করা।

8. প্রতিটি রাজ্যের সংস্থা OPDV এর সাথে সহযোগিতা করবে এবং OPDV এই আদেশের উদ্দেশ্যগুলি সম্পাদন করার জন্য তথ্য, রিপোর্টিং এবং সহায়তা প্রদান করবে যেমন OPDV যুক্তিসঙ্গত বলে নির্ধারণ করবেন।

এই নির্বাহী আদেশটি 22 অক্টোবর, 2007-এ জারি করা নির্বাহী আদেশ 19 প্রত্যাহার করবে এবং তা অতিক্রম করবে; এই শর্তে যে, যতক্ষণ না প্রতিটি রাজ্যের সংস্থা লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং কর্মক্ষেত্রের নীতি অবলম্বন না করে এই আদেশ অনুসারে, ততক্ষণ পর্যন্ত রাজ্যের সংস্থা তার গার্হস্থ্য সহিংসতা এবং কর্মক্ষেত্রের নীতি নির্বাহী আদেশ 19 অনুযায়ী বজায় রাখবে।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব
সীলমোহরের অধীনে,
অ্যালবানি শহরে দুই
হাজার বাইশ সালের এপ্রিল
মাসের আঠাশতম দিনে
এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব